# Sanatan Dharma

**সদগুরু বা কে প্রকৃত সদগুরু হবার যোগ্য এটি সম্বন্ধে শাস্ত্রের কি মতামত বা আমরা প্রকৃত সদগুরু কিভাবে চিনিব ?**

প্রশ্ন :-শাস্ত্রজ্ঞ ব্যক্তির কাছে শাস্ত্র জ্ঞান লাভ করার পর এবং কোনটি কর্তব্য এবং কোনটি অকর্তব্য এই নির্ণায়ক সদবুদ্ধি লাভ করার পর– কিন্তু কে সদগুরু বা কে প্রকৃত সদগুরু হবার যোগ্য এটি সম্বন্ধে শাস্ত্রের কি মতামত বা আমরা প্রকৃত সদগুরু কিভাবে চিনিব ?

উত্তর :- একজন মহান আত্মজ্ঞানী মানুষের শরীরের ওপর তার কঠোর সাধনা করার জন্য আপনা-আপনি কিছু শাস্ত্রীয় লক্ষণ প্রকাশিত হয়. ভগবান শিবের পুত্র ভগবান কার্তিকেয় আত্মজ্ঞানী মহাপুরুষের কিছু বিশেষ গুরুত্বপূর্ণ শাস্ত্রীয় লক্ষণ এর উপর একটি শাস্ত্র রচনা করেছিলেন । এই শাস্ত্রের কথা ঋষিদের মাধ্যমে বিশ্বের বহু মানুষ জানতে পারে। এই শাস্ত্রে আত্মজ্ঞানী মহাপুরুষের কিছু বিশেষ গুরুত্বপূর্ণ শাস্ত্রীয় লক্ষণ এর কথা বলা হয়েছে। এই শুভ চিহ্নগুলি যদি শরীরের অঙ্গ-প্রত্যঙ্গে থাকে তাহলে জানতে হবে যে সেই ব্যক্তি অবশ্যই ভাগ্যবান ও মহান আত্মজ্ঞানী মহাপুরুষ। শাস্ত্রজ্ঞ ব্যক্তির কাছে শাস্ত্র জ্ঞান লাভ করার সময় এই লক্ষণগুলি সম্বন্ধে শিক্ষা গ্রহণ করা বিশেষভাবে উচিত । যদি আমরা শাস্ত্রের এই লক্ষণগুলি সম্বন্ধে শিক্ষা গ্রহণ করতে পারি তাহলে অবশ্যই এই লক্ষণ দেখে আমরা - কে মহাপুরুষ আর কে মহাপুরুষ নয় এটি জানতে সমর্থ হব এবং সেই অনুসারে আমরা অবশ্যই সৎগুরু করণ করতে পারব । তাই শাস্ত্রজ্ঞ ব্যক্তির কাছে শাস্ত্র শিক্ষা গ্রহন কালে এই শাস্ত্রীয় মহাপুরুষ চেনা লক্ষণগুলি শিক্ষা করা অত্যন্ত আবশ্যক প্রত্যেকের জন্য।

যার শরীরের অঙ্গ-প্রত্যঙ্গের উপরোক্ত শাস্ত্রীয় লক্ষণসমূহ থাকবে তিনি অবশ্যই আত্মজ্ঞানই মহাপুরুষ যার থাকবে না সে অবশ্যই আত্মজ্ঞানী মহাপুরুষ নয় এটা জেনেই আমরা সদ্গুরু চিনিবার পথে চলতে সমর্থ হব । তাই গুরু করনের আগে লক্ষণ বিচার করেই সদ্গুরু করন করতে হয় আর যদি এরকম কেউ না করে অথচ গুরু করণ করে তার জীবনে ভন্ড গুরু পাল্লায় পড়ে জীবনের আধ্যাত্বিক পথ এবং জীবনের অমূল্য সময় নষ্ট হবার ভয় অতিমাত্রায় থাকে । তাই শাস্ত্র অনুসারে চলে লক্ষণ বিচার করে আত্মজ্ঞানই মহাপুরুষ কিনা জেনে তারপর তার চরণে গিয়ে সদ্গুরু করণ করতে হয় এটাই শাস্ত্র সিদ্ধান্ত ।

নিজে নিজে বই পড়ে শাস্ত্রীয় লক্ষণসমূহ শেখা সম্ভব নয় ,- তাই কোন শাস্ত্রজ্ঞ ব্যক্তির কাছে শাস্ত্র জ্ঞান লাভ করার সময় প্রত্যক্ষ রূপে শিক্ষা গ্রহণ করা উচিত ।

Published on: Jul, 17 2023 07:42